১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 26 ■ 29th June 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

**ভেতরের পাতায় আছে**

পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

■ চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি ও সাধারণ জ্ঞান

ই.ডি, সি.বি.আই, ইন্টেলিজেন্স ব্যুরো, এন.আই.এ'র অডিটর, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর পদে

কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের

# কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারে ১৭,৭২৭ চাকরি

**বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে**

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার /এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে ১৭,৭২৭ শূন্যপদের জন্য ২০২৪ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। তবে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদের বেলায় কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার /অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের বেলায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ কিংবা কমার্সের মাস্টার ডিগ্রি, বিজনেস স্টাডিজের মাস্টার ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

☞ এরপর ৮ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
General Combined
নতুন ব্যাচ : 3 ও 7 জুলাই
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি' পদে কয়েক হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি শিগগিরই

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে দ্রুত কর্মী নিয়োগের জন্য নতুন চেয়ারপার্সন নিয়োগ করল রাজ্য সরকার। ২০২২ সালের স্টাফ সিলেকশন কমিশন (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট সংযোজন করে ২ বছরের চুক্তিতে নতুন চেয়ারপার্সন নিযুক্ত করা হয়েছে অবসরপ্রাপ্ত আই.পি.এস. অফিসার

☞ এরপর ৫ পাতায়

## ডি.এল.এড কোর্সে ভরতির শেষ তারিখ বাড়ল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে

☞ এরপর ৮ পাতায়

## রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে শূন্যপদ বেড়ে ১৮,৭৯৯

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচী, চেন্নাই, আহমেদাবাদ, প্রয়াগরাজ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমের, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ২৯টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে 'অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট' (বিজ্ঞপ্তি নং CEN 01/2024) পদে ৫,৬৯৬ জন ছেলেমেয়ে নিয়োগের জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তাতে শূন্যপদ বাড়ল। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ৫,৬৯৬টি শূন্যপদের জন্য এবছর জানুয়ারি -ফেব্রুয়ারি মাসে দরখাস্ত নেওয়া

☞ এরপর ১২ পাতায়

## উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য দফতরে ৩৯৫ হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, বারাসাত : উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট পদে ৩৯৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকা দরকার। প্রার্থীকে উত্তর ২৪ পরগনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৩৯৫টি (জেনাঃ ২১৮, তঃজাঃ ৮৭, তঃউঃজাঃ ২৪, ও.বি.সি.-এ-৩৮, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২৮)। এই পদের মেমো নং : CMOHN/HSS-112/5095, Date: 07-06-24.

☞ এরপর ৭ পাতায়

## ব্যবসা: ফটোগ্রাফি আর ভিডিওগ্রাফি

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু



ফটোগ্রাফি আর ভিডিওগ্রাফি এক সৃজনশীল লাভজনক ব্যবসা। বিজ্ঞাপন, মিডিয়া এমনকী বিয়ের পরিকল্পনা সহ বিভিন্ন ক্ষেত্রে এই ব্যবসা পাওয়া যেতে পারে। ফটোগ্রাফি আর ভিডিওগ্রাফি ব্যবসায় সাধারণত শিল্পীদের একটি দল

☞ এরপর ৬ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১৪৫ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারি সংস্থা, রাষ্ট্রীয় কেমিক্যাল অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ১৪৫ জন লোক নিচেছ।

কারা কোন পদের জন্য যোগ্য : পোস্ট কোড : MTCHEM/062024 :ম্যানেজমেন্ট ট্রেনি (কেমিক্যাল) : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল বা, কেমিক্যাল

☞ এরপর ১৪ পাতায়

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র
৩০০/- টাকা
সাফল্য

## ডকে ৫১৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা ম্যাজাগন ডক লিমিটেড 'মাধ্যমিক পাশ অ্যাপ্রেন্টিস্‌', 'ক্লাস এইট পাশ অ্যাপ্রেন্টিস' ও 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫১৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস (মাধ্যমিক পাশদের জন্য)** : নেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, স্ট্রাকচারাল ফিটার, পাইপ ফিটার, ড্রাফটসম্যান (মেকা)। অঙ্ক ও জেনারেল সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৪'এর হিসাবে ১৫ থেকে ১৯ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর ৩ মাসের জন্য মাসে ৩,০০০ টাকা করে, পরের ৯ মাস মাসে ৬,০০০ টাকা করে। আর দ্বিতীয় বছর মাসে ৬,৬০০ টাকা করে।

☞ এরপর ১২ পাতায়

## তরুণ-তরুণীদের উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে বহরমপুরে ২ দিনের জমজমাট কেরিয়ার ফেয়ার

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : বুধবার ও বৃহস্পতিবার 'কর্মসংস্থান' আর Appointment & Career News পত্রিকার উদ্যোগে বহরমপুরে 'দ্য ফেম' হোটেলের বিজনেস হল ছিল মুর্শিদাবাদ আর নদিয়া জেলার ছাত্রছাত্রীদের ভিড়ে ভিড়াক্কার।

☞ এরপর ১২ পাতায়



*Join*

# BNG

## Hotel Management Institute , Kolkata

*World's Most Popular and Job Oriented Course*

## HOTEL , HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

| Program Duration | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 years | ~~1,90,000/-~~ | 1,40,000/-* |
| 2 years | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |

*One Time Payment



100% PLACEMENT ASSURED

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা

দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

Residential Campus - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, Cricket , Football ,Indoor Games, Game Zone, etc

Our Recruiters .....

Hilton, Hyatt, Marriott, Leonia, ibis, starwood, The Leela, aloft, Radisson, Shangri-La, Holiday Inn, Landmark, Four Points, Alila, Pride Plaza, Taj, Golden Tulip, InterContinental, The Lalit, Fairmont, Radisson, park inn, Le Royal Meridien, Effotel, ITC Hotels, Rotana, Best Western, lemon tree, Jupiter, The Fern, Sonotel, Fortune, Sodexo, Emirates, Trident, Norwegian Cruise Line, Ramada, Hard Rock, The Oberoi Group

Scan this QR Code for Admission

Follow us @ YouTube

INSTANT LOAN* available, No Guarantor required. NO COST EMI

Bring this Cutout to avail Scholarship Code : #KABNG2024

BNG HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

W :www.bngkolkata.com | E :admin@bngkolkata.com | P :+91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# রাজ্য সরকারের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / WB JEE / NEET-এর কোচিং

## ৩০০ টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে

পশ্চিমবঙ্গ সরকার অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WB JEE / NEET-2005-এর কোচিং করানো হচ্ছে। বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাঠরত ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষায় তপশিলী জাতিদের ক্ষেত্রে ৬০% ও উপজাতি বা আদিবাসীদের ক্ষেত্রে ৫০% নম্বর থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। প্রতিটি ছাত্রছাত্রীকে মাসিক ৩০০ টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা দিতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন করতে পারেন এই ওয়েবসাইটে : www.wbdcdev.gov.in প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : **(১) উত্তর ২৪ পরগনা** — বাগদা (হেলেঞ্চা হাইস্কুল, ফোন :৯০৬২৫০৮০২০), বারাসাত (নোয়াপাড়া রাসবিহারী ইনস্টিটিউশন ফর গার্লস, ফোন : ৭৯৮০৪৯১২১৩), ব্যারাকপুর (নৈহাটী নরেন্দ্র বিদ্যানিকেতন, ফোন : ৮৯১০১৯৪৮০২), বসিরহাট (ভ্যাবলা তন্ত্র স্যার আর. এন. মুখার্জী হাই স্কুল, ফোন : ৯৫৪৭৬৯৩৩৬৫)। **(২) দক্ষিণ ২৪ পরগনা** — বারুইপুর (মদারাট পপুলার অ্যাকাডেমি, ফোন : ৯৬৭৪৪৬১২০৯), ডায়মন্ডহারবার (ভারত সেবাশ্রম সংঘ প্রণব বিদ্যাপীঠ এইচ.এস, ফোন : ৯৬১৪৪৫৯২৩৯), ক্যানিং (ডেভিড শাসন হাই স্কুল, ফোন : ৯৮৩২৫৮৯০৩৬), নামখানা (নারায়ণ বিদ্যামন্দির হাই স্কুল, ফোন : ৮৭৭৭৫০১৮৬৫),। **(৩) বাঁকুড়া** — বাঁকুড়া টাউন (বাঁকুড়া গার্লস হাই স্কুল, ফোন : ৮৪৩৬৯০৯৮২৭), খাতড়া (খাতড়া গার্লস হাই স্কুল, ফোন : ৯৯৩২৪৪১০৪৪), বিষ্ণুপুর (বিষ্ণুপুর হাই স্কুল, ফোন : ৯০৬৪৯৮৩২৬৭),। **(৪) হাওড়া** — বাগনান (বাগনান গার্লস হাই স্কুল, ফোন : ৮৬৯৭৮০৩৫২০)। **(৫) ঝাড়গ্রাম** — ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম কুমুদকুমারী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৩৫২৩৮৭৩০। **(৬) পশ্চিম বর্ধমান** — দুর্গাপুর টাউন (দুর্গাপুর তারকনাথ হাইস্কুল, ফোন : ৯০৭৬৯০৩৪৯৬)। **(৭) পূর্ব বর্ধমান** — অম্বিকা কালনা (কালনা মহারাজা হাই স্কুল, ফোন ৬২৯৫৩৩৩৬৯৮), ইস্ট বর্ধমান ( কৃষ্ণপুর হাই স্কুল, ফোন : ৮৯১৮৯৪৩২৩৪), কাটোয়া (কাটোয়া কাশিরাম দাস ইনস্টিটিউশন, ফোন : ৭৬০২৭০৭০৭০)। **(৮) পশ্চিম মেদিনীপুর** — মেদিনীপুর টাউন (কেরানিতলা শ্রী শ্রী মোহনানন্দ বিদ্যামন্দির, ফোন : ৯৮৩২১২৫০৮৭)। খড়গপুর (খড়গপুর ট্র্যাফিক হাই স্কুল, ফোন : ৬২৯৫৯৯৭০৮৩), সবং (সবং সারদাময়ী হাই স্কুল, ফোন : ৯৭৩২২০৮১২৫)। **(৯) পূর্ব মেদিনীপুর** — কন্টাই (কন্টাই কিশোরনগর শচীন্দ্র শিক্ষা সদন, ফোন : ৮২৫০৬৩৩৭৯৯)। **(১০) পুরুলিয়া** — মানবাজার (মানবাজার রাধামাধব ইনস্টিটিউশন, ফোন : ৯০৬৪৯১৬১১২। পুরুলিয়া টাউন (চিত্তরঞ্জন বয়েজ স্কুল, ফোন : ৭৬০১৮০৩৮৭৩)। **(১১) আলিপুরদুয়ার** — আলিপুরদুয়ার (আলিপুরদুয়ার হাই স্কুল, ফোন : ৮৯০৬২০৯৮৪৫। মাদারিহাট (মাদারিহাট হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯)। **(১২) বীরভূম** — সিউড়ি (বীরভূম জেলা হাই স্কুল, ফোন : ৯৮০০১৮৯২৬৫), রামপুরহাট (রামপুরহাট জে. এল. বিদ্যাভবন, ফোন : ৮৬৩৭৩৩০০৫৫)। **(১৩) কোচবিহার** — কোচবিহার টাউন (জেনকিন্স স্কুল, ফোন : ৮৬৯৭৬৫৬৬৫৫), দিনহাটা (দিনহাটা সোনি দেবী জৈন হাই স্কুল, ফোন : ৮৩৭০৮৪০২৫৬), মাথাভাঙা ( মাথাভাঙা হাই স্কুল, ফোন : ৯৭৭৫১৪১২২২) । **(১৪) উত্তর দিনাজপুর** — রায়গঞ্জ (সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ উচ্চ বিদ্যাচক্র, ফোন : ৮৪৩৬৫১০০০৬), ইসলামপুর (ইসলামপুর হাই স্কুল, বয়েজ, ফোন : ৮৫৩৫৮২৫৩৭৯)। **(১৫) দক্ষিণ দিনাজপুর** — বালুরঘাট টাউন (বালুরঘাট হাই স্কুল, ফোন : ৯৯৩২৯২৩৫৩৪)। **(১৬) দার্জিলিং** — শিলিগুড়ি টাউন (শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, ফোন : ৮৯১৮৬৩৯৭৪২)। দার্জিলিং টাউন (মাইনোরিটি মিটিং হল, অফিস অফ দ্য ডি.এম, ফোন : ৯৬০৯৭০০৪২২)। **(১৭) জলপাইগুড়ি** — জলপাইগুড়ি টাউন (জলপাইগুড়ি হায়ার সেকেন্ডারি স্কুল, ফোন : ৮৩৯১৯৩৫৭১১)। মালবাজার (মালবাজার আদর্শ বিদ্যাপীঠ, ফোন : ৯৮৩২০৮৬৭৪১), ধূবগুড়ি ( বৈরাটীগুড়ি হাই স্কুল, ফোন : ৮৪৩৬৮১৩৫৮৮)। **(১৮) কালিম্পং** — কালিম্পং (জুবিলি স্কুল, ফোন : ৮০০১৩৭৭২৪৯)। **(১৯) মালদা** — মালদা টাউন (মালদা বিভূতিভূষণ হাই স্কুল, ফোন : ৭৭৯৭৯১৯৫৮০)। চাঁচল (চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৭৯৬৪১৮৪৬)। **(২০) নদিয়া** — কৃষ্ণনগর (কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৯৬১৪৮৯৪০৯১)। কল্যাণী (ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাই স্কুল, ফোন : ৯৯০৩৭৪০০৭৫), রানাঘাট (রানাঘাট দেবনাথ গার্লস হাই স্কুল, ফোন : ৭০২৯৩২১৩০২)। **(২১) মুর্শিদাবাদ** — জঙ্গিপুর (জঙ্গিপুর হাইস্কুল, ফোন : ৯০০২৪১৫১৭১), বহরমপুর (গোরাবাজার ঈশ্বরচন্দ্র ইনস্টিটিউশন, ফোন : ৯৪৩৩৫৫৫৯৯৯)। **(২২) কলকাতা** — কলকাতা (যোধপুর পার্ক বয়েজ হাইস্কুল, ফোন : ৬২৯১৬৯১৫৬৩)। **(২৩) হুগলি** — আরামবাগ (সাব-ডিভিশনাল লাইব্রেরি, ফোন : ৮৫০৯৭৪৯১২৩), ব্যান্ডেল (ব্যান্ডেল বিদ্যামন্দির, ফোন : ৯০৯৩২৫৪১০১), তারকেশ্বর (তারকেশ্বর গার্লস প্রাইমারি স্কুল, ফোন : ৯৭৩২৬২৮৭৩৯)।

# কল্যাণীর এইমসের পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



INC, WBNC ও WBUHS স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকাংশে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) এইমস কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজে হয় না।" উল্লেখ্য, এইমস কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

# যাদবপুর বিশ্ববিদ্যালয় ও আমরি হাসপাতালের যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের পেশাদারি কর্মমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে কিডনির রোগে আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। ডায়ালিসিস প্রধানত এই ২ ধরণের — হেইমোডায়ালিসিস (Haemodialysis) ও পেরিটোনেইল ডায়ালিসিস (Peritoneal dialysis)। ডায়ালিসিসের কাজ রক্ত থেকে বর্জ্য পদার্থ ও অতিরিক্ত জল বের করে দেওয়া। কিডনি রোগীদের সাধারণভাবে সপ্তাহে ৩ দিন ৪ ঘন্টা ধরে ডায়ালিসিস করা হয়। এই মেশিন যাঁরা পরিচালনা করেন তাঁদের বলা হয় ডায়ালিসিস টেকনিশিয়ান। এইসব টেকনিশিয়ানদের কাজের মূল দায়িত্ব হল, রোগীকে ডায়ালিসিসের জন্য তৈরি করা, তদারকি করা, মেশিন অপারেট করা ও ডায়ালিসিস শেষ হওয়ার পর নির্ধারিত পদ্ধতি মানা। টেকনিশিয়ানরা ডায়ালিসিস চলাকালীন রোগীকে আরামে থাকতে সাহায্য করেন ও মেশিনটি যাতে ঠিকমতো কাজ করে সেদিকে নজর রাখেন। এই ধরণের কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণের দরকার হয়। বলাবাহুল্য, এই রাজ্যে প্রশিক্ষিত ডায়ালিসিস টেকনিশিয়ানের যথেষ্ট অভাব আছে।

এই ঘাটতি পূরণ করে দক্ষ পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার কলকাতার এ.এম.আর.আই (AMRI) হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের ট্রেনিং দিচ্ছে। কোর্সের পুরো নাম 'ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট প্রোগ্রাম'। বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ২৫টি। মোট ৯ মাসের কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে থিওরির ক্লাস আর এ.এম.আর.আই হাসপাতালে প্র্যাক্টিক্যাল ক্লাস হবে।

ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের উপদেষ্টা ড. কে. কৌতসু জানান, কর্মমুখি এই কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য হল, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দক্ষ ও উন্নতমানের ডায়ালিসিস টেকনিশিয়ান তৈরি করা। ট্রেনিং শেষে কাজের অভাব হয় না। সফলদের ডায়ালিসিস টেকনিশিয়ান পদে কাজের সুযোগ আছে সরকারি-বেসরকারি হাসপাতাল, জেলা হাসপাতাল, স্বেচ্ছাসেবি সংস্থা, কিডনি বিশেষজ্ঞ কেন্দ্র ও নার্সিংহোমে।

কোর্স শুরু হবে আগস্ট মাস থেকে। ভরতির জন্য নির্ধারিত ফর্ম পাবেন ৫০ টাকা দিয়ে হাতে হাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার ও ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার থেকে। যাবতীয় প্রমাণপত্র-সহ পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে ২০ জুলাইয়ের মধ্যে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়োইকিউভ্যালেন্স বিল্ডিং, ৩য় তল। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত

# প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 7001279061, 7602656588.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB. Ph. : 6295273218, 6382415291. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

## গ্রুপ 'সি' ও গ্রুপ 'ডি'

১ পাতার পর

বিবেক সহায়'কে (No. 1068-PAR(Genl.) HR/ N/ G8P-07/2020, Date: 19.06.2024).

নবান্ন সূত্রে খবর, ও.বি.সি. সংরক্ষণ নিয়ে আদালতে মামলা চলার জন্য রাজ্য সরকারের অন্যান্য দফতরে প্রার্থী নিয়োগ করা যাবে না। তাই পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নিয়োগ করা হবে। কোন কোন পদে নিয়োগ করা হবে তা শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে জানাবে স্টাফ সিলেকশন কমিশন। স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে যে যে পদে নিয়োগ করা হবে, সেইসব পদে ক্যাটেগরি ভিত্তিক শূন্যপদ ঘোষণা করা হবে না। সেক্ষেত্রে সব সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসাবে দরখাস্ত করতে পারবেন। স্কুল ও মাদ্রাসার গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদ ছাড়া রাজ্য সরকারের অন্যান্য দফতরে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নিয়োগ করবে স্টাফ সিলেকশন কমিশন।

ICDS • Gr.C • অগ্রগামী • Gr.D • পঞ্চায়েত
মহিলাদের পৃথক ব্যাচে ভর্তি চলছে
ক্যাসেস, শিয়ালদহ
9123325910

নার্সিং
শিখে কেউ বসে থাকে না
যোগ্যতা ঃ মাধ্যমিক/উঃ মাধ্যমিক
GNM (3 Years, INC/WBNC)
এখন প্রচুর চাহিদা, সঙ্গে সঙ্গে চাকরি
PARAMEDICAL
(2 Years, Govt. of India)
BSS Practical Nursing
2 Years (Govt. of India)
APOLLO CARE INSTITUTE
Ballygunge Campus
98317 89536, 96743 07928
প্রার্থীদের সুবিধার্থে কয়েকটি আসন বাড়ানো হল।

ভর্তি চলছে
ভোকেশনাল কোর্স * কর্মমুখী ট্রেনিং * রোজগারের ভবিষ্যৎ
প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি
ভারত সেবাশ্রম সঙ্ঘ • গভর্নমেন্ট ও ইউনিভার্সিটি স্বীকৃত * ISO Quality Certified
NETAJI SUBHAS OPEN UNIVERSITY
Diploma | Advance Diploma (PG) | Certificate | Vocational Courses
•Tailoring & Dress Designing •Fire Safety Security •Disaster Mngt •Pre-Primary Teachers' Montessori •Yoga & Naturopathy •Fitness Sports Mngt • Beautician / Wellness • e-Tax / Law •Solar Technician
Business & Industrial Administration • Office Management
ইংলিশ, কম্পিউটার, উদ্যমী গঠনে অ্যাডঅন ফ্রি ট্রেনিং
Study Centres • Kolkata • Diamond Harbour • Barasat-Hridaypur • Malda • Bardhaman • Farakka • Khatra-Bankura • Raiganj • Purulia
Online Admission 9331256934 / 9477846520 / 9477846582
Visit : www.pimtonline.in | PIMT YoutubeTV | Mail: pimtonline@gmail.com

BUILD A CAREER IN AGRICULTURE
JIS COLLEGE OF ENGINEERING KALYANI
JIS UNIVERSITY
B.Sc (Hons.) AGRICULTURAL SCIENCE
(ICAR-guidelines based curriculum)
B.TECH IN AGRICULTURAL ENGINEERING
(AICTE Approved)
Duration: 4 years
Merit Scholarships Available
উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীর জন্য কৃষি বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার মাধ্যমে কেরিয়ার গড়ার এক সুবর্ণ সুযোগ | সরকারি ও বেসরকারি ক্ষেত্রে AICTE স্বীকৃত এবং ICAR সমতুল্য পাঠ্যক্রম | প্লেসমেন্ট এ সর্বত্র সহযোগিতা |
ADMISSIONS OPEN 2024
B.SC (Hons.) AGRICULTURAL SCIENCE — JIS UNIVERSITY
Eligibility: Minimum 50% in 10+2 & 45% in PCB combination & qualifiy through JET (JISU Entrance Test)
B.TECH AGRICULTURAL ENGINEERING — JIS COLLEGE OF ENGINEERING
Eligibility: Through WBJEE, E-counselling or CEE-AMPAI-WB-2024 (As per WBJEE 2024 rank)
CAREER OPPORTUNITY
State and Central Govt. Specialized Officer as ADA, Food Safety FCI, Warehouse Corporation, NABARD FSSAI in Plant Protection, Soil Conservation, Forest Department Nationalized Banks as Field Officer Probationary Officer, Assistants Corporate sectors in Seed producing, Agri-chemicals, Food Processing, Biofertilizers, Microbial fertilizers Companies
Block A, Phase III, Kalyani-741235
For B.Sc. (Hons) Agri : 6294045510, 9088431806
For B.Tech (Agri. Eng.) : 8240729310, 8777341448
www.jisgroup.org | www.jisuniversity.ac.in

GENEX SUPTENNDU GROUP
ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান?
ADMISSION GOING ON
আগ্রহী ছাত্রছাত্রীরা সত্বর যোগাযোগ করুন : শেষ সুযোগ!!
মাত্র 3.5 লাখ টাকায় ছেলেদের নার্সিং পড়ার সুযোগ
GNM (Male)
LAKSHMI NURSING INSTITUTE
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C
মাত্র 2.5 লাখ টাকায় মেয়েদের নার্সিং পড়ার সুযোগ
GNM (Female)
BASUDEB NURSING ACADEMY
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C
মাত্র 1.2 লাখ টাকায় ফার্মেসি পড়ার সুযোগ
D.PHARMA
SUPTENDU PHARMACY INSTITUTE
Affiliated by WBSCTVE & SD Approved by PCI
শেষ সুযোগ শেষ সুযোগ শেষ সুযোগ
D.El.Ed. মাত্র 40 হাজার টাকায়
2024-26 Session-এ D.El.Ed.-এ ভর্তির শেষ সুযোগ
Suptendu Memorial D.Ed. College
Affiliated by WBBPE & Recognised by NCTE
Address: Sugandha, Hooghly-712102 (5 minutes from Chinsurah Station)
9748305453, 8335083933, 8100613849, 8335063512

# ফটোগ্রাফি আর ভিডিওগ্রাফি

ব্যবসা

১ পাতার পর


সুকৃৎ বসু

থাকে যাঁরা ব্যবসার ব্র্যান্ডকে সঠিকভাবে উপস্থাপন করেন। আলো আর কম্পোজিশন সহ বিভিন্ন কৌশল ব্যবহার করে ভিডিও করা হয়।

ফটোগ্রাফার আর ভিডিওগ্রাফাররা নানান অ্যাপ্লিকেশনের মাধ্যমে যথাক্রমে স্থির আর চলমান মুহূর্ত ক্যাপচার করেন। ভিডিওগ্রাফিতে ব্যবহার করা হয় ভিডিও ক্যামেরা।

### ফটোগ্রাফার আর ভিডিওগ্রাফার কি একই

ফটোগ্রাফার সাধারণভাবে স্থির ফটো তুলতে পারদর্শী হন। অন্যদিকে ভিডিওগ্রাফার চলমান দৃশ্য তুলতে পারদর্শী হন। তবে অনেকেই আবার স্থির দৃশ্য ও চলন্ত দৃশ্য — উভয় বিষয়ের ছবি তুলতেই সমান পটু। ফটোগ্রাফি বিজনেস মূলত ফটোগ্রাফির মাধ্যমে বিভিন্ন ধরনের পরিষেবা দেওয়ার ব্যবসা। ফটোগ্রাফি বিজনেস বিভিন্ন ধরনের হতে পারে, যেমন —

- **ওয়েডিং ফটোগ্রাফি** : বিবাহ অনুষ্ঠানের ছবি।
- **পারিবারিক ফটোগ্রাফি** : পরিবারের লোকদের ছবি।
- **শিশু ফটোগ্রাফি** : শিশুদের বিভিন্ন ছবি।
- **পোর্ট্রেট ফটোগ্রাফি** : ব্যক্তিদের বিভিন্ন ভঙ্গির ছবি তোলা।
- **কর্পোরেট ফটোগ্রাফি** : ব্যবসায়িক প্রতিষ্ঠানের।
- **ফ্যাশন ফটোগ্রাফি** : ফ্যাশনের বিভিন্ন ছবি।
- **প্রোডাক্ট ফটোগ্রাফি** : পণ্যের ছবি তোলার

ফটোগ্রাফির কাজে বিভিন্ন ধরনের দক্ষতা ও জ্ঞান দরকার। ফটোগ্রাফারদের অবশ্যই ভালো মানের ক্যামেরা আর অন্যান্য সরঞ্জাম থাকতে হবে। এছাড়াও তাদের অবশ্যই ফটোগ্রাফির বিভিন্ন বিষয়ে দক্ষতা দরকার। যেমন —

(১) **লাইটিং** : একজন ফটোগ্রাফারকে অবশ্যই বিভিন্ন ধরনের লাইটিংয়ের ব্যবহার জানতে হবে।

(২) **কম্পোজিশন** : ছবির সৌন্দর্য্য নির্ভরকরে কম্পোজিশনের ওপর। ভালো কম্পোজিশন তৈরি করতে জানতে হবে।

(৩) **ফটো এডিটিং** : ফটো তোলার পর এডিটিং করে ছবিকে আরও সুন্দর করে তোলা যায়। একজন ফটোগ্রাফারকে অবশ্যই ফটো এডিট করায় কুশলী হতে হবে।

### কীভাবে ফটোগ্রাফি বিজনেস শুরু করা উচিত

(১) ফটোগ্রাফির দক্ষতা অর্জন করুন।

(২) প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন। ভালো মানের ক্যামেরা, লেন্স, ফ্ল্যাশ আর অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করতে হবে।

(৩) আপনার লক্ষ্য ঠিক করুন। আপনি ঠিক কোন ধরনের ফটোগ্রাফি বিজনেস করতে চান তা আগে বেছে নিন।

(৪) আপনার ব্যবসার পরিকল্পনা তৈরি করুন। আপনার ব্যবসার লক্ষ্য, দর্শক, বাজার গবেষণা, বিপণন কৌশল, আর্থিক পরিকল্পনা ইত্যাদি সম্পর্কে আগাম ছকে নিন।

(৫) আপনার ব্যবসার জন্য নাম ও লোগো তৈরি করুন।

(৬) আপনার ব্যবসার জন্য ওয়েবসাইট তৈরি করুন।

(৭) সোশ্যাল মিডিয়াতে আপনার ব্যবসার প্রচার করুন।

(৮) গ্রাহকদের সঙ্গে সরাসরি যোগাযোগ করুন। তাঁদের চাহিদা আর প্রয়োজনীয়তা জানুন।

(৯) আপনার ব্যবসার ব্র্যান্ড তৈরি করুন।

(১০) আপনার কাজের জন্য একটি ন্যায্য মূল্য, অর্থাৎ রেট-চার্ট করুন।

### ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি কি একই রকম

উভয়েরই ফিল্মে জীবন আর ভিজ্যুয়ালকে ক্যাপচার করার উপাদান রয়েছে। তবে ফটোগ্রাফির ফলাফল স্থির চিত্র আর ভিডিওগ্রাফির ফলাফল চলমান মিডিয়ার একটি সিরিজ, যা আপনি দেখতে পারেন।

### ফটোগ্রাফি বিজনেসের সুবিধা কী কী

(১) **স্বাধীনতা** : ফটোগ্রাফি ব্যবসা আপনাকে আপনার নিজের সময় আর কাজের পরিবেশ নিয়ন্ত্রণ করার স্বাধীনতা দেয়। আপনি যখন চান কাজ করতে পারেন আর আপনি যেভাবে চান কাজ করতে পারেন।

(২) **সৃজনশীলতা প্রকাশের সুযোগ** : ফটোগ্রাফি এক সৃজনশীল শিল্প। আপনার সৃজনশীলতার প্রকাশ করার আর নতুন জিনিস তৈরি করার সুযোগ দেয়।

(৩) **আর্থিক সম্ভাবনা** : ফটোগ্রাফি ব্যবসা এক লাভজনক ব্যবসা। আপনার নিষ্ঠা বা উদ্যোগ থাকলে আপনি ভালো উপার্জন করতে পারেন।

### ক্যামেরা

ফটোগ্রাফি বিজনেসের জন্য ১টি ভালো মানের ডিএসএলআর ক্যামেরা দরকার। ডিএসএলআর ক্যামেরা আপনাকে বিভিন্ন ধরনের ফটোগ্রাফিতে ভালো পারফরম্যান্স দিতে পারে। কিছু জনপ্রিয় ডিএসএলআর ক্যামেরা হল :

- ক্যানন 7D Mark II
- নিকন D750
- সনি A7R III
- প্যানাসনিক GH5.

### ফটোগ্রাফি ব্যবসা কি লাভজনক

অবশ্যই লাভজনক ব্যবসা। প্রিন্ট বিক্রি থেকে শুরু করে ফ্রিল্যান্স ফটোগ্রাফার হিসাবে কাজ করা পর্যন্ত ফটোগ্রাফির মাধ্যমে প্রচুর উপার্জনের অনেক উপায় রয়েছে। এছাড়া ফটোগ্রাফি শেখানো থেকে আয় করার অনেক সুযোগ রয়েছে।

### ফটোগ্রাফি শিক্ষা-কলেজ

ভারতে অনেক কলেজ রয়েছে যেখানে ফটোগ্রাফিতে স্নাতক, স্নাতকোত্তর, সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পড়া যায়।

(১) MIT-WPU, পুণে, মহারাষ্ট্র।

(২) লাভলি প্রফেশনাল ইউনিভার্সিটি, জলন্ধর, পঞ্জাব।

(৩) লাইট অ্যান্ড লাইফ আকাদেমি, উটি, তামিলনাড়ু।

(৪) জওহরলাল নেহরু স্থাপত্য ও চারুকলা বিশ্ববিদ্যালয়, হায়দরাবাদ, তেলেঙ্গানা।

### ড্রোন ফটোগ্রাফি কী

ড্রোন ফটোগ্রাফি হল দূর নিয়ন্ত্রিত বা স্বায়ত্তশাসিত মানুষ ছাড়া এরিয়াল ভেহিকেল (UAV) দ্বারা স্থির ছবি আর ভিডিও তোলা, যা মানুষ ছাড়া বিমান ব্যবস্থা বা ড্রোন হিসাবে পরিচিত। ড্রোন ফটোগ্রাফি আজকাল খুবই জনপ্রিয় ফটোগ্রাফি। বিভিন্ন কাজে, দুর্গম স্থানের ফটোগ্রাফিতে ব্যবহৃত, অত্যন্ত উন্নতমানের।

### উপসংহার

ফটোগ্রাফি আর ভিডিওগ্রাফি অত্যন্ত সৃজনশীল ও লাভজনক ব্যবসা। তবে প্রতিদ্বন্দ্বিতা রয়েছে। তাই যাদের ফটোগ্রাফিতে ঝোঁক আছে, প্রতিভা আছে তাঁরা বিশেষ শিক্ষা নিয়ে অবশ্যই সাফল্য পাবে। ভালো ফটোগ্রাফার হতে পারলে প্রচুর আয় করতে পারেন।

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।

# পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদে কীভাবে চাকরি পেলাম


সৃজন বিশ্বাস

নদিয়ার পাইকপাড়া থানার সাহেবনগরের ছেলে আমি। বাবা স্কুল শিক্ষক ছিলেন। সাহেবনগর উচ্চমাধ্যমিক স্কুল থেকে ২০১৩ সালে মাধ্যমিক আর পলাশীপাড়া এম ডি এস বিদ্যাপীঠ থেকে ২০১৫ সালে উচ্চমাধ্যমিক পাশ করি। এরপর নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ভূগোলে অনার্স নিয়ে ২০১৮ সালে ডিগ্রি কোর্স পাশ করি। ডিগ্রি কোর্স পাশ করার 'পর অন্য কোনো পেশা বা উচ্চশিক্ষার কথা ভাবিনি। সরকারি চাকরিকে পাখির চোখ করে এগিয়েছি। প্রথম পরীক্ষায় বসি ফায়ার ব্রিগেডের কনস্টেবল পদে। ইন্টারভিউয়ে বাতিল হয়ে যাই। মন খারাপের পাশাপাশি আনন্দও হয় এটা ভেবে, নিজের চেষ্টায় এতদূর আসতে পেরেছি। তবে এই পরীক্ষায় চূড়ান্ত পর্যায়ে বাতিল হওয়ার পর বুঝতে পারি, ধারাবাহিক প্রস্তুতি ছাড়া সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য পাওয়া যায় না। সেজন্য দরকার সঠিক গাইডেন্স। 'কর্মসংস্থান' পড়ে তাহেরপুর কবিতা কুঠিরের খোঁজ পাই আর সেখানেই চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য ভরতি হই। এখানে টানা দেড় বছর থেকে ট্রেনিং নিয়েছিলাম। রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের সব ধরনের পরীক্ষার পাশাপাশি কলকাতা পুলিশের সাব ইন্সপেক্টর আর রাজ্য পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা দিই। ২০১৯ সালের বিজ্ঞপ্তি দেখে রাজ্য পুলিশের কনস্টেবল পদে দরখাস্ত করেছিলাম। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল মাধ্যমিক পাশ। শারীরিক মাপজোকের মধ্যে লম্বায় চাওয়া হয় অন্তত ১৬৭ সেমি আর ওজন অন্তত ৫৬ কেজি। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে নেওয়া হয় প্রিলিমিনারি পরীক্ষা। এই পরীক্ষা হয় ২০২০ সালে। ১০০ নম্বরের পরীক্ষায় ছিল এইসব বিষয় : জেনারেল নলেজ (৫০ নম্বর) আর ২৫ নম্বরের ম্যাথমেটিক্স ও ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স। প্রশ্ন ছিল অবজেকটিভ মাল্টিপল চয়েজের। নেগেটিভ নম্বর ছিল। ৪টি ভুলের জন্য ১ নম্বর কাটা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় কোয়ালিফাই করার পর বহরমপুর মাঠে হয় শারীরিক সক্ষমতার পরীক্ষা। এখানে শুরুতে দেখা হয় শারীরিক মাপজোক। তার মধ্যে দেখা হয় উচ্চতা, ওজন আর বুকের ছাতির মাপ। এরপর ছিল সাড়ে ৬ মিনিটে ১৬০০ মিটার দৌড়। আমি ৬.১৯ সেকেন্ডে দৌড় শেষ করি। সফল হওয়ার পর নেওয়া হয় মেইন পরীক্ষা। ৮৫ নম্বরের পরীক্ষায় ছিল এইসব বিষয় : ইংরিজিতে ২৫ নম্বর, জেনারেল নলেজে ২৫ নম্বর, ম্যাথমেটিক্সে ২০ নম্বর, আর জেনারেল ইন্টেলিজেন্সে ১৫ নম্বর। প্রশ্ন ছিল অবজেকটিভ মাল্টিপল চয়েজের। এখানেও ৪টি ভুলের জন্য ১ নম্বর কাটা হয়। ৮৫ নম্বরের মধ্যে আমার স্কোর হয় ৫২ নম্বর। শেষ পর্যায়ে নেওয়া হয় ইন্টারভিউ। ২০২১ সালে এই ইন্টারভিউ নেওয়া হয় নদিয়ার ড. বি আর আম্বেদকর কলেজে। বোর্ডে ছিলেন মোট ৬ জন। শুরুতে নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা জানতে চাওয়া হয়। ডিগ্রি কোর্সে ভূগোলে অনার্স ছিল দেখে ভূগোল থেকে ৫টি প্রশ্ন ধরা হয়। ৪টি প্রশ্নের উত্তর দিতে পারিনি। ওই ৪টি প্রশ্ন ধরা হয় বিশ্ব ভূগোল থেকে। আমি পড়ে গিয়েছিলাম ভারতীয় ও রাজ্যের ভূগোল। শেষে ১টা প্রশ্ন করা হয় ভারতীয় ভূগোল থেকে, তার সঠিক উত্তর দিই। কিন্তু ইন্টারভিউ নিয়ে আমি যথেষ্ট আত্মবিশ্বাসী ছিলাম। আমার কোচিংয়ের শিক্ষকরা বলেছিলেন, আসল পরীক্ষায় কোয়ালিফাই করেছ। ইন্টারভিউ আসলে মেন্টাল টেস্ট। মানসিক শক্তির পরীক্ষা। ৪টি প্রশ্নের জবাব দিতে না পারলেও ইন্টারভিউয়ে ১৫ নম্বরের মধ্যে পেয়েছিলাম ১১.৫ নম্বর।

পরীক্ষার চূড়ান্ত ফল বেরোয় ২০২০ সালের অক্টোবর মাসে। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে যোগ দিই কৃষ্ণনগর পুলিশ লাইনে। এরপর মেদিনীপুরের সালুয়ায় ৬ মাস ট্রেনিংয়ে ছিলাম। তারপর পোস্টিং হয় বারাকপুর এস এ পি সেকেন্ড ব্যাটেলিয়ন। এখন কাজ করছি র‍্যাপিড অ্যাকশন ফোর্সে।

আমার সাফল্যের পেছনে সবচেয়ে বড়ো অবদান রয়েছে তাহেরপুর কবিতা কুটিরের। প্রতিটি বিষয়ের জন্য কোচিংয়ের কোর্স মেটিরিয়ালস পড়েছিলাম, বারবার মক টেস্টে বসে নিজের ভুল সংশোধন করেছিলাম। মাঠে রোজ দৌড়ের অনুশীলন করেছিলাম। ইন্টারভিউয়ের জন্য মক ইন্টারভিউ দিয়ে ভয় দূর করে, আত্মবিশ্বাস বাড়িয়েছিলাম। প্রতি মুহূর্তে গাইড করেছেন আশ্রমের আচার্য ভবদেব বিশ্বাস, তাঁর ছেলে দেবাদ্রীশ বিশ্বাস আর অঙ্কের ক্ষেত্রে কলিমুদ্দিন স্যার। প্রস্তুতির ক্ষেত্রে দ্বিতীয় অবদান অবশ্যই 'কর্মসংস্থান' পত্রিকার। নিয়মিত পড়েছি। কনস্টেবল পদের জন্য এই পত্রিকায় বেরোনো সব সেট দেখে অনুশীলন করে উপকৃত হয়েছি। পাশাপাশি কৃতীদের সাক্ষাকার পড়ে অনুপ্রাণিত হয়েছি। সাফল্যের নিরিখে বলতে পারি, সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য পেতে সঠিক গাইডেন্স খুব জরুরি।

মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**নিজস্ব সংবাদদাতা** : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি কোর্সে ভর্তি চলছে। বিজ্ঞান বা ভোকেশনাল বিষয়ে উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশে ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাসে রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েক হাজার বিএসসি (অনার্স) এগ্রিকালচার বায়োটেকনোলজি পাশ করা ছাত্র ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুণ বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

## কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

১ পাতার পর

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন)' পদের জন্য আবেদন করতে পারেন। গবেষণার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ১ আগস্টের মধ্যে পাশ মার্কশীট দেখাতে হবে। কোন গ্রুপে কত মাইনে ও কত বয়স থাকতে হবে :

**অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ইন্টেলিজেন্স ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ রেলওয়েতে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে এ.এফ.এইচ.কিউ, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট /অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি., 'সি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (প্রিভেন্টিভ অফিসার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর (এক্সামিনার)।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর পোস্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ পোস্টে, 'বি' শ্রেণিতে।

**ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'বি' শ্রেণিতে।

**অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রণালয় /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণিতে।

**ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'এর অধীন অফিসার পদে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে, 'বি' শ্রেণিতে।

**এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে সিবিআইসি-তে, 'বি' শ্রেণিতে।

**রিসার্চ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশনে, 'বি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর /জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার।** বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে ন্যারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

**জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার।** বয়স হতে হবে ৩ ২বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২৪০০ টাকা। চাকরি হবে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে, 'বি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি অ্যান্ড এ.জি.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি.জি.ডি.এ.-তে, 'সি' শ্রেণিতে।

**অডিটর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রি / ডিপার্টমেন্টসে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'র অধীনে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টসের অধীনে, 'সি' শ্রেণিতে।

**অ্যাকাউন্ট্যান্ট / জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রণালয় বা, বিভাগে, 'সি' শ্রেণিতে।

**পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে ডাকবিভাগে, 'সি' শ্রেণিতে।

**সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট /আপার ডিভিশন ক্লার্ক।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল গভঃ অফিস/মিনিস্ট্রিজ আদার দ্যান সি.এস.সি.এস. ক্যাডারে, 'সি' শ্রেণিতে।

**সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি.-তে, 'সি' শ্রেণিতে।

**ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.-তে, 'সি' শ্রেণিতে।

**সাব-ইন্সপেক্টর।** বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণিতে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৮-২০২৪'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর পদে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৬০) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ (উপজাতি ও পাহাড়ি অঞ্চলের প্রার্থী হলে ১৪৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, কাছের বেলায় এক চোখে ০.৬ ও অন্য চোখে ০.৮।

ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/এক্সামিনার/প্রিভেন্টিভ অফিসার /ইন্সপেক্টর) ও সাব-ইন্সপেক্টর (সি.বি.এন.) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৫২৫) সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। এই পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার পায়ে হাঁটা আর ৩০ মিনিটে ৮ কি.মি. সাইকেল চালানো। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২(তপশিলী উপজাতি হলে ১৪৯.৫) সেমি আর ওজন হতে হবে ৪৮ (তপশিলী উপজাতি হলে ৪৬) কেজি। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২০ মিনিটে ১ কি.মি. পায়ে হাঁটা আর ২৫ মিনিটে ৩ কি.মি. সাইকেল চালানো। শূন্যপদ প্রায় ২০,০০০'এর মতো। তবে শূন্যপদের সংখ্যা আরো বাড়তে পারে। মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2024'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। আর চালানের মাধ্যমে জমা দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে জমা দেবেন। টাকা নগদে চালানের মাধ্যমে দিতে চাইলে চালান প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন, ওপরের ওই ওয়েবসাইটে।


গতবারের মতো এবারেও

কমন পেতে হলে কিনুন

CLERKSHIP

২০২৩ স্পেশাল

অনলাইন পরীক্ষার

কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর

হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

মাত্র ~~৬০০/-টাকা~~ ৩০০/-টাকা


## ডি.এল.এড কোর্সে

১ পাতার পর

'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতির ফর্ম পূরণের শেষ তারিখ প্রথম পর্যায়ে বাড়িয়ে ১৫ জুন করা হয়েছিল। সম্প্রতি দ্বিতীয় পর্যায়ে ফর্ম পূরণের শেষ তারিখ বাড়িয়ে ৩০ জুন করা হয়েছে। পড়ানো হবে রেগুলার বা, ফেস টু ফেস মোডে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের। পড়ানো হবে ২০২৪-২০২৬ সেশনে। এই কোর্স পাশ করলে তবে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও এই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি-সহ দুটি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে। সীট প্রতিটি প্রতিষ্ঠানে৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা/অন্যান্য মাধ্যমে। মোট সীট প্রায় ৪৬ হাজারের বেশি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে সীট প্রায় ৪২০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট প্রায় ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে প্রায় ৩০০টি, নেপালী মাধ্যমে প্রায় ১০০টি, উর্দু মাধ্যমে প্রায় ৫০টি, সাঁওতাড় মাধ্যমে প্রায় ৫০টি।

প্রার্থী বাছাই হবে উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখা হবে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। সেশন শুরু ৮ জুলাই।

অনলাইনে দরখাস্ত নেওয়া হবে ৩০ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। প্রতিষ্ঠানের নাম-ঠিকানা পাবেন ওই ওয়েবসাইটে।

Tagore School of Rural Development & Agriculture Management

# TAGORE
## SCHOOL OF RURAL DEVELOPMENT AND AGRICULTURE MANAGEMENT

A unit of Tagore Education & Rural Development Trust

**Affiliated to "UNIVERSITY OF KALYANI"**

ADMISSIONS OPEN

চাকরীমুখী/ কর্মমুখী ২ বছরের ডিপ্লোমা কোর্স

- **DIPLOMA IN RURAL DEVELOPMENT & AGRICULTURE MANAGEMENT**
- **DIPLOMA IN ANIMAL SCIENCE & AQUA MANAGEMENT**

100% JOB ASSISTANCE

শিক্ষাগত যোগ্যতা ঃ ১০+২ যে কোন শাখা থেকে। স্নাতক ডিগ্রি অগ্রগণ্য।

**"Proudly showcasing our students who have turned their education into successful careers!"**



Gorachand Patra

Mankind Agritech



Suptajeet Kanthal

FMC




Barsha Shaw

ADAMA



Dolan Changdar

TROPICAL agro



Krishnendu Hazra

Bayer CropScience

## ADVANTAGEOUS GLAMOUR

- বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন এবং অভিজ্ঞ শিক্ষকমন্ডলী।
- বিভিন্ন Agriculture Farm, Livestock Farm, Fisheries এবং Agro-Industry তে Training.
- প্রত্যেকটি কোর্সের জন্য অত্যাধুনিক Practical Lab.
- স্পোকেন ইংলিশ ও Personality Development ক্লাস।
- আধুনিক কম্পিউটার ল্যাবরেটরী, সু-সজ্জিত লাইব্রেরী ও নিজস্ব Agriculture Practical Field.
- সু-সজ্জিত ক্যাম্পাস এবং এ.সি ক্লাস রুম।

ওয়েষ্ট বেঙ্গল স্টুডেন্ট ক্রেডিট কার্ড এবং স্বামী বিবেকানন্দ স্কলার্শিপের সুবিধা আছে।

## — PLACEMENT —

All final year students are placed in following organizations through campus interview

- Bayer Crop Science
- Dupont India Pvt. Ltd.
- United Phosphorus Ltd.
- Pan Seeds
- Krishi Rasayan
- Indofil Industries Ltd.
- Syngenta
- CNG Agro Chem. Pvt. Ltd.
- JU Pesticides
- Adama
- Swarna Seed.
- FMC
- Crystal Crop Pvt. Ltd.
- Indogulf Fertilizer
- Tropical Agro
- Biostadt

**+91 74394 98600, 91473 65129, 90513 08546**

Campus: Webel IT Park (Phase-II), Kalyani , Nadia. W.B. Pin: 741235

Web : www.tsrdam.co.in, Email : training.tsrdam@gmail.com

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের জন্য এবছর আবার বিজ্ঞপ্তি বেরোবে কি? ২০২৪ সালের কনস্টেবল পদের পরীক্ষা এবছর পুজোর আগে যদি হয়,-তাহলে নতুন যাঁরা পরীক্ষা দিতে চায়, তাঁরা এবছর সুযোগ পাবে না। এ বিষয়ে কিছু জানাবেন। — তাপস দাস, ফুলিয়া বুঁইচা বসাক পাড়া, শান্তিপুর, নদিয়া।*

■■ ২০২৪ সালের কনস্টেবল পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত মামলা হওয়ায় পরীক্ষা দিতে দেরি হতে পারে। পরীক্ষা পুজোর আগে হয়ে গেলে, এবছরই নতুন করে দরখাস্ত নেওয়া হবে।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার তারিখ কি ঠিক হয়েছে? — তাপস ঘোষ, কুলিয়াগড়, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## প্রাইমারির

■ *২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল কবে বেরোবে? — রূপালী বাসু, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল জুলাইয়ে বেরোনোর সম্ভাবনা আছে।

■ *প্রাইমারি 'টেট' পাশের সার্টিফিকেট কতদিন পর্যন্ত বৈধ থাকে? — নুপুর বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ সাবাজীবন পর্যন্ত সার্টিফিকেট বৈধ থাকে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশনের মাধ্যমে মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) পদে কবে থেকে দরখাস্ত নেওয়া হবে? পরীক্ষা কবে হবে? — প্রিয়াংশু বসু, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।*

■■ মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার পদের জন্য দরখাস্ত নেওয়া হবে ২৭ জুন থেকে ৩১ জুলাই পর্যন্ত। পরীক্ষা হবে অক্টোবর-নভেম্বরে।

■ *স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? — অর্পিতা দাস, স্বরূপনগর, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের জন্য দরখাস্ত নেওয়া হবে ২৪ জুন থেকে ২৪ জুলাই পর্যন্ত। পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবরে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় দেওয়া হয়েছে।

■ *পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে রাজ্য সরকারের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — আনোয়ার হোসেন, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।*

■■ সম্প্রতি রাজ্য স্টাফ সিলেকশন কমিশনের নতুন চেয়ারপার্সন নিযুক্ত করেছে রাজ্য সরকার। স্কুল ও মাদ্রাসার গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদ ছাড়া রাজ্য সরকারের অন্যান্য দফতরে দ্রুত স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কয়েক হাজার হাজার গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে কর্মী নিয়োগ করা হবে।

## রেলে চাকরির

■ *২০২২ সালে ডিগ্রি কোর্স পাশ করেছি। রেলের গার্ড পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — জীশান জামান, সিউড়ি, বীরভূম।*

■■ রেলের গুডস গার্ড পদের জন্য যেকোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ২৯,২০০ টাকা।

■ *রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? — পার্থ দাস, আওয়ালসিদ্ধি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, জুলাই মাসে দরখাস্ত নেওয়া শুরু হবে।

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা কবে হবে? এই পদে কি শূন্যপদ বেড়েছে? — অরুণ মাহাতো, ঝাড়গ্রাম।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে খুব শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করবে রেল রিক্রুটমেন্ট বোর্ড। এই পদে ৫,৬৯৬টি শূন্যপদ থেকে বেড়ে ১৮,৭৯৯টি শূন্যপদ হয়েছে।

■ *রেলের আর.পি.এফ.-এর কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় কী কী বিষয় থাকবে? শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী থাকবে? নেগেটিভ মার্কিং আছে কি? — রফি আহমেদ, কালিয়াগঞ্জ, মুর্শিদাবাদ।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে শিগগিরই পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে। এই পদের লিখিত পরীক্ষায় ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক - ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় জেনারেল, ও.বি.সি. প্রার্থীরা ৪২ নম্বর আর তপশিলীরা ৩৬ নম্বর পেলে সফল হবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে এইসব বিষয় : (১) ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, (২) ৪ ফুট হাই-জাম্প, (৩) ১৪ ফুট লং জাম্প। মহিলাদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ৩ মিনিট ৪০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (২) ৩ ফুট হাই জাম্প, (৩) ৯ ফুট লং জাম্প।

প্রথমে দৌড়ে একবার করে সুযোগ পাবেন ও সফল না হলে বাতিল হবে। পরের ২ ইভেন্টে ২ বার করে সুযোগ পাবেন। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন।

■ *চোখে চশমা আছে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে দরখাস্ত করতে পারব কি? — অরূপ ঘোষ, চাঁদপাড়া, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পারবেন না।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

**চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

**এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।**

## কোর্স ও ট্রেনিং

■ *ডি.এল.এড. কোর্সে ভরতির শেষ তারিখ কি বাড়ানো হয়েছে? — রমা বিশ্বাস, আরামবাগ, হুগলি।*

■■ হ্যাঁ, পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতির শেষ তারিখ প্রথম পর্যায়ে বাড়িয়ে ১৫ জুন করা হয়েছিল। তারপর দ্বিতীয় পর্যায়ে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩০ জুন করা হয়েছে।

■ *ডি.এল.এড. কোর্সে ভরতির মেধা তালিকা কবে বেরোবে? — অভিজিৎ মেটে, নওয়ানগর, নানুর, বীরভূম।*

■■ দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩০ জুন করা হয়েছে। মেধা তালিকা বেরোবে জুলাইয়ের প্রথম সপ্তাহে।

■ *নার্সিং এ.এন.এম. / জি.এন.এম. কোর্সে ভরতির যে এন্ট্রান্স পরীক্ষা ১৪ জুলাই হওয়ার কথা, সেটি ওই তারিখে কি হবে? — পিয়ালী দাস, বিবেকানন্দ রোড, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, এখনো পর্যন্ত ঠিক আছে পরীক্ষা ১৪ জুলাই হবে। অ্যাডমিট কার্ড জুলাইয়ের প্রথম সপ্তাহ থেকে দেওয়া হবে।

■ *রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ করলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স করা যায় কি? — অনিমেশ বিশ্বাস, তেহট্ট, নদিয়া।*

■■ হ্যাঁ, যায়।

## অন্যান্য চাকরির

■ *মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সাব-ওভারসিয়র পদের যে পরীক্ষা হয়েছিল, তার ফল কবে বেরোতে পারে? — অভীক ঘোষ, চাঁদপাড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল বেরোতে দেরি হবে।

■ *গ্রাম পঞ্চায়েত দফতরে কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? — সৈকত ঘোষ, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ জুন মাস থেকেই দরখাস্ত নেওয়ার বিষয়ে নিশ্চিত ছিল। কিন্তু ও.বি.সি. সার্টিফিকেট নিয়ে মামলা হওয়ায় দরখাস্ত নেওয়া কিছুদিন দেরি হতে পারে।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষা কবে হতে পারে? — রূপেশ বাগচি, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

■■ ও.বি.সি. সংরক্ষণ নিয়ে হাই কোর্টে মামলা চলছে। তাই পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষা ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা পিছানোর সম্ভাবনা আছে।

## ব্যাঙ্কে চাকরির

■ *গ্রামীণ ব্যাঙ্কের মাধ্যমে প্রায় ৭ হাজার ক্লার্ক নিয়োগের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, সেই পরীক্ষার প্রশ্ন কি ইংরিজিতে হবে? — প্রিতম ঘোষ, উত্তর গনিপুর, মহেশতলা।*

■■ হ্যাঁ, প্রশ্ন ইংরিজিতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব এখনো ফুলিয়দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| বি.এস.এফ.-এ সাব-ইন্সপেক্টর হেড কনস্টেবল, কনস্টেবল | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৬২ | ৩০-৬-২৪ | https://rectt.bsf.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩০৪ | ২৮-৬-২৪ | https://careerindianairforce.cdac.in |
| বাঁকুড়া জেলা আদালতে ক্লার্ক ও গ্রুপ -ডি | এইট, মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৯৯ | ২৪-৬-২৪ | www.bankura.dcourts.gov.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ২৮-৭-২৪ | https://agnipathvayu.cdac.in |
| দামোদর ভ্যালি কর্পোরেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা ইঞ্জিনিয়ার | ৬৪ | ৪-৭-২৪ | www.dvc.gov.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৫৮ | ২৫-৬-২৪ | www.npcilcareers.co.in |
| স্টেট ব্যাঙ্কে ফিনান্স অফিসার | গ্র্যাজুয়েট | ১৫০ | ২৫-৬-২৪ | https://bank.sbi/careers |
| সরকারি প্যারামেডিক্যাল কোর্সে ভরতি | উচ্চমাধ্যমিক | - | ১৮-৭-২৪ | www.smfwb.in |
| ব্যাঙ্ক নোট প্রেসে প্রসেস অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক, আই.টি.আই. | ৩৯ | ৩০-৬-২৪ | www.bnpmindia.com |
| গ্রামীণ ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট, অফিসার | গ্র্যাজুয়েট | ৯,৯৯৫ | ২৭-৬-২৪ | www.ibps.in |
| উত্তর-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, আই.টি.আই. | ১,১০৪ | ১১-৭-২৪ | www.ner.indianrailways.gov.in |
| কটন কর্পোরেশনে ট্রেনি, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২১১ | ২-৭-২৪ | www.cotcorp.org.in |
| সেবিতে অফিসার গ্রেড-। | গ্র্যাজুয়েট | ৯৭ | ৩০-৬-২৪ | www.sebi.gov.in |
| চন্দা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ১৪০ | ২০-৭-২৪ | https:ddpdoo.gov.in |
| কোস্ট গার্ডে নাবিক, যান্ত্রিক | উচ্চমাধ্যমিক | ৩২০ | ৩-৭-২৪ | www.joinindiancoastguard.cdac.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-। পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-।। ও ।।। (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| নার্সিং (ANM & GNM) কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষা | ১৪ জুলাই | www.wbjeeb.in |
| UPSC-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| UPSC-এর ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা | ১৬ জুন | www.upsc.gov.in |
| C-TET-এর পরীক্ষা | ৭ জুলাই | www.ctet.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | আগস্টে | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | জুলাই-আগস্টে | www.wbpsc.gov.in |
| SSC-ফেজ XII পরীক্ষা | ২০-২৬ জুন | www.ssc.nic.in |
| SSC-CHSL-পরীক্ষা | ১-১১ জুলাই | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | জুলাই-আগস্ট | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

### রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2025 এর প্রশিক্ষণ

**দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।**

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | David Sassoon High School | 9832589036 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Narayan Vidyamandir High School | 87775 01865 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | Bishnupur High School | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Ambika Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8250633799 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L vidyabhaban | 8637330055 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Jenkins School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur High School (Boy's) | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM Darjeeling | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Girl's High School | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boy's High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 8509749123 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে। আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র জমা করতে হবে। অথবা Online এ আবেদন করতে হবে : - www.wbbcdev.gov.in

**Results of 2022 & 2023**

Total rankers: 2063 out of 2880 candidates taken on board IIT-9, IIIT-5, NIT-14, MBBS / BDS-34, Jadavpur University-31

প্রশিক্ষণ রূপায়ণে ncsm | Head Office: Beleghata, Kolkata - 700105 www.ncsm.co.in | Helpline - 9903740075 / 91239 06966

## ডকে ৫১৮ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

শূন্যপদ : স্ট্রাকচারাল ফিটার ৫৭টি (জেনাঃ ২৫, ও.বি.সি. ১৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)। পাইপ ফিটার ৫৫টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিশিয়ান ৩২টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। ফিটার ৫৩টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ড্রাফটসম্যান (মেকা) ২১টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই. পাশদের জন্য) :** নেওয়া হবে স্ট্রাকচারাল ফিটার, আই.সি.টি.এস.এম., ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, কার্পেন্টার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)।

আই.টি.আই. থেকে স্ট্রাকচারাল ফিটার, আই.সি.টি.এস.এম., ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার, ইলেক্ট্রনিক মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৪'এর হিসাবে ১৬ থেকে ২১ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ৭,৭০০ টাকা ও ৮,০৫০ টাকা। শূন্যপদ : স্ট্রাকচারাল ফিটার ৫০টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রনিক মেকানিক ৩০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। কার্পেন্টার ৩০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। আই.সি.টি.এস.এম. ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ২৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। পাইপ ফিটার ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার ২৫টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। সি.ও.পি.এ. ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১), আর.এ.সি. ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)। ড্রাফটসম্যান মেকানিক্যাল ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (এইট পাশদের জন্য) :** নেওয়া হবে রিগার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই)। অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে ক্লাস এইট পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৪'এর হিসাবে ১৪ থেকে ১৮ বছরের মধ্যে। রিগার ট্রেড ২ বছরের আর ওয়েল্ডার ট্রেড ১ বছর ৩ মাসের। স্টাইপেন্ড প্রথম বছর ৩ মাসে ২,৫০০ টাকা করে, পরের ৯ মাস মাসে ৫,০০০ টাকা করে। আর দ্বিতীয় বছর মাসে ৫,৫০০ টাকা করে। শূন্যপদ :রিগার ট্রেডে ৩০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ৩০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে আগস্টে, মুম্বই, নাগপুর, পুণে, নাসিক, কোলাপুর, থানে, ঔরঙ্গাবাদে। মাধ্যমিক ও ক্লাস এইট পাশদের বেলায় ১০০ নম্বরের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি ও জি.কে. -২৫ নম্বর, (খ) ফিজিক্স-২৫ নম্বর, (গ) কেমিস্ট্রি -২৫ নম্বর, (ঘ) অঙ্ক -২৫ নম্বর। আই.টি.আই. পাশদের বেলায় ১০০ নম্বরের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি ও জি.কে. -২৫ নম্বর, (খ) ট্রেড থিওরি -২৫ নম্বর, (গ) ওয়ার্কশপ ক্যালকুলেশন অ্যান্ড সায়েন্স -২৫ নম্বর, (ঘ) ইঞ্জিনিয়ারিং ড্রয়িং-২৫ নম্বর। সফল হলে এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। এই পদের বিজ্ঞপ্তি নং : MDL ATS/01/2024.

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ২ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://mazagondock.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে

১ পাতার পর

হয়েছিল। ১৯ জুন রেল রিক্রুটমেন্ট বোর্ড এক বিজ্ঞপ্তি জানায়, অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ৫,৬৯৬টি শূন্যপদ বেড়ে ১৮,৭৯৯টি হয়েছে, অর্থাৎ এই পরীক্ষা থেকে ১৮,৭৯৯টি শূন্যপদ পূরণ করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, এই পদের জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এখন শূন্যপদ বাড়লেও নতুন করে আর দরখাস্ত করতে পারবেন না। **কোন রেলে ক'টি শূন্যপদ :** মধ্য রেলে ৫৩৫টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৭৮৩টি। পূর্ব মধ্য রেলে ৭৬টি শূন্যপদই আছে। পূর্ব উপকূল রেলে ৪৭৯টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৫৯৫টি। পূর্ব রেলে ৪১৫টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৩৮২টি। উত্তর মধ্য রেলে ২৪১টি শূন্যপদ বেড়ে হয়েছে ৮০২টি। উত্তর-পূর্ব রেলে ৪৩টি শূন্যপদ বেড়ে হয়েছে ১৪৩টি। উত্তর-পূর্ব সীমান্ত রেলে ১২৯টি শূন্যপদ বেড়ে হয়েছে ৪২৮টি। উত্তর রেলে ১৫০টি শূন্যপদ বেড়ে হয়েছে ৪৯৯টি। উত্তর পশ্চিম রেলে ২২৮টি শূন্যপদ বেড়ে হয়েছে ৭৬১টি। দক্ষিণ মধ্য রেলে ৫৮৫টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৯৪৯টি। দক্ষিণ পূর্ব মধ্য রেলে ১,১৯২টি শূন্যপদ বেড়ে হয়েছে ৩,৯৭৩টি। দক্ষিণ-পূর্ব রেলে ৩০০টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,০০১টি। দক্ষিণ রেলে ২১৮টি শূন্যপদ বেড়ে হয়েছে ৭২৬টি। দক্ষিণ পশ্চিম রেলে ৪৭৩টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৫৭৬টি। পশ্চিম মধ্য রেলে ২১৯টি শূন্যপদ বেড়ে হয়েছে ৭২৯টি। পশ্চিম রেলে ৪১৩টি শূন্যপদ বেড়ে হয়েছে ১,৩৭৬টি।

## কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট আর পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা নিজেদের কেরিয়ারের ব্যাপারে কৌতূহল মেটাতে ভিড় করেন। এবার এই মেলায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ ও ইনস্টিটিউটের প্রায় ৪৫টি স্টল ছিল। এলাকার বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা আর সদ্য উচ্চ মাধ্যমিক পাশরা এইসব স্টলে ঘুরে চাকরি পাওয়ার উপযোগী কোথায় কোন কোর্স পড়বে, তার সঠিক গাইডলাইন পেতে আর নিজেদের নানান জিজ্ঞাসার উত্তর সরাসরি পেতেই হাজির হন। তবে কেউ কেউ আবার এখানে এলে চাকরি পাবে এই আশায় এসেছিলেন। তাদের বুঝিয়ে দেওয়া হয়, এটা জব ফেয়ার নয়, কেরিয়ার প্ল্যানিংয়ের ফেয়ার। প্রথাগত গ্র্যাজুয়েটরা যেমন সরকারি চাকরি পেতে কোন কোন প্রতিযোগিতামূলক পরীক্ষা দিতে পারবে আর কোন পরীক্ষার সিলেবাস কেমন তা যেমন এই ফেয়ারে এসে খোলাখুলি আলোচনায় স্পষ্ট জানতে পারে, তেমন সাধারণ মেধার ছেলেমেয়েরা কোথায় কোন শর্ট টার্ম পেশাদারি কোর্স পড়ে একালের উপযোগী অন্য ধরনের চাকরি বা নিজের পায়ে দাঁড়ানোর উপযোগী পরিষেবামূলক ব্যবসার জন্য তৈরি হতে পারে, তারও হাল হদিশ পান। তবে ইসলামি প্রধান এই অঞ্চলে বিবাহিত ও অবিবাহিত তরুণীদের ভিড় আর আগ্রহ ছিল চোখে পড়ার মতো। ফেয়ার থেকে বেরিয়ে অনেক অনুসন্ধিৎসু ছেলেমেয়েকেই দেখা গেছে 'কর্মসংস্থান' আর 'সাফল্য' পত্রিকার চাকরির পরীক্ষার মডেল প্রশ্নোত্তর ধরে নীচতলার সোফায় বসে একান্তে প্র্যাক্টিশ করে চলেছেন। অনেকে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রস্পেক্টাস খুঁটিয়ে পড়ে পছন্দসই কোর্স বেছে আরো জিজ্ঞাসা মেটাতে স্টলে দৌড়োচ্ছেন। এই উসকে দেওয়ার কাজের জন্যই জেলায়-জেলায় কেরিয়ার ফেয়ারের কর্মসূচি নিয়েছে 'কর্মসংস্থান' পত্রিকা গোষ্ঠী। ২ দিনের এই মেলায় ২ জেলার প্রায় হাজারের ওপর ছাত্র-ছাত্রী আসে। এদেরই উৎসাহ দিতে শিগগিরই বহরমপুরের ২ কলেজে চাকরির খোঁজখবর দেওয়ার জন্য সেমিনার করার পরিকল্পনা রয়েছে। কলেজ কর্তৃপক্ষের সঙ্গে প্রাথমিক কথাবার্তাও হয়েছে। এছাড়া উত্তর ২৪ পরগনা, হুগলি আর নদিয়া জেলার ছাত্রছাত্রীদের জন্য আগামী মাসেই কল্যাণীতে আবার এক জমকালো 'কেরিয়ার ফেয়ার' হবে। তরুণ সমাজকে আরো সচেতন করার জন্য যে সংস্থান প্রকাশন দায়বদ্ধ।


গত বছরের মতো 'এ' বছরেও

- PSC ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- RPF কনস্টেবল ও রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পরীক্ষায়
- SSC জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়

'Common' পেতে

আর

সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য

সাফল্য সাধারণ জ্ঞান

হেল্প লাইন : 6291684943

চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন


# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। রোধের অনোন্যক'কে বলা হয় — পরিবাহিতা।

২। কার্বন ব্ল্যাক তৈরিতে কোন হাইড্রোকার্বনটি ব্যবহৃত হয় — মিথেন।

৩। গাড়ির চালকদের রক্তে অ্যালকোহলের মাত্রা জানার জন্য কোন যন্ত্র ব্যবহৃত হয় — ব্রেথালাইজার।

৪। জ্বলন্ত এলইডি'র ক্ষেত্রে শক্তির রূপান্তর ঘটে — তড়িৎশক্তি আলোকশক্তিতে।

৫। চুম্বকত্বের নিশ্চিত প্রমাণ হল — আকর্ষণ ও বিকর্ষণ ধর্ম।

৬। বিজ্ঞানের কোন শাখায় কৃমি সম্পর্কে আলোচনা করা হয় — হেলমিনথোলজি।

৭। কোন বইটিতে সুইডিশ জীববিজ্ঞানী কার্ল লিনিয়াস দ্বিপদনামকরণের নীতি প্রবর্তন করেন — Systema Naturae.

৮। পিকরিক অ্যাসিড ব্যবহৃত হয় — বিস্ফোরক রূপে।

৯। মেথিলেটেড স্পিরিট বিষাক্ত হয়, কারণ এর মধ্যে থাকে — মিথানল।

## ইতিহাস

১০। কংগ্রেসের অধিবেশনে সভাপতিত্বকারী প্রথম ইংরেজ ছিলেন — জর্জ ইউল।

১১। 'শ্রীমদ্ভগবদগীতা' প্রথম কোন ইউরোপীয়ের মাধ্যমে ইংরিজিতে



অনুবাদ করা হয়েছিল — চার্লস উইলকিন্স।

১২। নেতাজী সুভাষচন্দ্র বসু কত সালে 'ফরওয়ার্ড ব্লক' প্রতিষ্ঠা করেন — ১৯৩৯।

১৩। 'সুরাতের সন্ধি' কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল — রঘুনাথ রাও ও ইংরেজ।

১৪। কোন গ্রিক রাষ্ট্রদূত চন্দ্রগুপ্ত মৌর্যের দরবারে গিয়েছিলেন — মেগাস্থিনিস।

১৫। 'উপনিষদ' বলতে বোঝায় — কাছে বসা।

১৬। অজন্তা ও ইলোরা গুহা ভারতের কোন রাজ্যে অবস্থিত — মহারাষ্ট্র।

১৭। প্রথম এলিজাবেথ কোন মোগল শাসকের সমসাময়িক ছিলেন — আকবর।

১৮। চন্দ্রদেব কোন রাজবংশের প্রতিষ্ঠাতা ছিলেন — গহদবালা।

১৯। মঙ্গোল আক্রমণ থেকে শহরকে রক্ষা করার জন্য আলা-উদ-দ্বীন খিলজি দিল্লিতে কোন দুর্গ তৈরি করেছিলেন — সিরি দুর্গ।

## ভূগোল

২০। তামিলনাড়ুর 'জয়মকোন্ডাম' কোন খনিজের জন্য বিখ্যাত — লিগনাইট।

২১। কোন প্রতিবেশী দেশকে, ভারত ১৯৭৪ সালে 'কাচ্ছাথিভু' দ্বীপটি দিয়েছিল — শ্রীলঙ্কা।

২২। মেঘালয় মালভূমি কীসের মাধ্যমে ভারতীয় উপদ্বীপ থেকে বিচ্ছিন্ন — মালদা গ্যাপ।

২৩। তামিলনাড়ুর সর্বোচ্চ জলপ্রপাত কোনটি — থালাইয়ার।

২৪। ছোটনাগপুর মালভূমির নদীগুলি কোন ধরনের নিষ্কাশন পদ্ধতি অনুসরণ করে — ট্রেলিস।

২৫। 'ডোগরি' ভাষা প্রধানত ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে কথিত হয় — জম্মু ও কাশ্মীর।

২৬। সাতপুরা ও বিন্ধ্যের মধ্যে কোন নদী প্রবাহিত হয় — নর্মদা।

২৭। ভারতের সর্বনিম্ন উচ্চতা কোনটি — কেরলের কুত্তানাদ।

২৮। কোন প্রণালীটি ভূমধ্যসাগরকে, আতলান্তিক মহাসাগরের সঙ্গে সংযুক্ত করেছে — জিব্রাল্টার প্রণালী।

২৯। কোন দেশ আগে 'ফরমোসা' নামে পরিচিত ছিল — তাইওয়ান।

## সাম্প্রতিক ঘটনা

৩০। ৪ দিনের কর্ম সপ্তাহ নীতি রূপায়ণ করছে কোন দেশ — সিঙ্গাপুর।

৩১। প্রথমবারের মতো হিন্দিতে রেডিও সম্প্রচার শুরু হল কোন দেশে — কুয়েতে।

৩২। এলজিবিটিকিউ+ কমিউনিটির জন্য গঠিত কেন্দ্রীয় কমিটির প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — রাজীব গৌবা।

৩৩। এবছর মর্যাদাপূর্ণ 'বর্ষসেরা ওয়ার্ল্ড প্রেস ফটো'র পুরস্কার পেলেন কে — 'রয়টার্স'এর ফটোগ্রাফার মোহাম্মদ সালেম।

৩৪। 'আলিগড় মুসলিম ইউনিভার্সিটি'র প্রথম মহিলা উপাচার্য হিসাবে নিযুক্ত হলেন কে — অধ্যাপিকা নাইমা খাতুন।

৩৫। 'করমণ্ডল ইন্টারন্যাশনাল লিমিটেড'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — অরুণ আলাগাপ্পান।

৩৬। কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সুনীল কুমার যাদব।

৩৭। ৬০ বছর বয়সে 'মিস ইউনিভার্স বুয়েনস আয়ার্স'এর খেতাব জিতলেন কে — আলেজান্দ্রা মারিসা রড্রিগেজ।

৩৮। এবছর 'বিশ্ব এনার্জি কংগ্রেস' কোথায় হয়েছে — নেদারল্যান্ডস।

৩৯। ভারতের প্রথম ট্রান্সশিপমেন্ট বন্দর হিসাবে কাজ করার জন্য কেন্দ্রীয় জাহাজ মন্ত্রকের কাছ থেকে অনুমোদন পেল কোন বন্দর — ভিজিনজাম বন্দর।

৪০। ভারতের প্রথম মাল্টি-পারপাস সবুজ হাইড্রোজেন পাইলট প্রকল্প চালু হল কোন রাজ্যে — হিমাচল প্রদেশ।

৪১। সম্প্রতি প্রয়াত সুধীর কাকার (৮৫ বছর) কে ছিলেন — লেখক।

সঙ্কলক : পলি দেওয়ান

## রাজ্য পুলিশে কনস্টেবল

**WBPRB Exam**

# পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল



পশ্চিমবঙ্গ পুলিশে 'কনস্টেবল' পদে ১১,৭৪৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। এবার থেকে এই পদের জন্য একটিই লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৮৫ নম্বরের ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ - ২৫ নম্বর, (খ) ইংরিজি ১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ২৫ নম্বর, (গ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ২৫ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্যদে কর্মরত **নুরুল ইসলাম**।

1. Write the synonyms of — Bluff.
   (A) Hoax (B) Delicate (C) Admire (D) Bias
2. Write the antonym of → Devour
   (A) Consume (B) Desist (C) Lovely (D) Bolt
3. One who is fond of sensuous pleasure —
   (A) Epitaph (B) Epicure (C) Imposter (D) Reticent
4. The function began ____ a song. (Choose the correct Preposition)
   (A) with (B) in (C) for (D) on
5. Find out error part :-
   You may choose (A) / any (B) / of the two subjects (C) / No error (D).
6. The doctor has advised me to ____ from drinking wine. (Fill in the blank with correct word).
   (A) avoided (B) abstain (C) retrain (D) Ignore
7. An insect with many leg called
   (A) Amphibia (B) Iconoclast (C) Centipede (D) None
8. Coo the sound of
   (A) Parrot (B) Wolves (C) Pigeons (D) Crow
9. Bushel may be used with
   (A) Fruit (B) Potatoes (C) Coal (D) Food
10. Give the order : Change the voice.
    (A) An order was given by some one. (B) Order was given. (C) Order given. (D) Let the order be given.
11. সম্প্রতি 'ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক'এর সদস্য হিসাবে যোগ দিয়েছে কোন দেশ?
    (A) নাইজেরিয়া (B) মলডোভা (C) মিশর (D) আন্দোরা
12. 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ নিউট্রিশন' ভারতের কোথায় অবস্থিত?
    (A) কলকাতা (B) হায়দরাবাদ (C) গুজরাত (D) চেন্নাই
13. 'রেডিওকার্বন ডেটিং'এর আবিষ্কারক কে?
    (A) Willard Libby (B) J. J. Thomson (C) Anderson (D) Chadwick
14. কোন রাজা কালিদাসের 'মালবিকাগ্নিমিত্রম' নাটকের নায়ক রূপে পরিচিত?
    (A) পুষ্যমিত্র (B) দেবভূতি (C) অগ্নিমিত্র (D) বাসুদেব
15. আন্তর্জাতিক নীলনদটি কোন দেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়নি?
    (A) সুদান (B) বুরুন্ডি (C) রুয়ান্ডা (D) ইথিওপিয়া
16. 2026 সালে 'কমনওয়েলথ গেমস'এর আসর বসবে কোন শহরে?
    (A) ভিক্টোরিয়া (B) সাও টোম (C) প্যারিস (D) ভিলনিয়াস
17. প্রথম 'গ্র্যামি পুরস্কার' জয়ী ভারতীয় মহিলা কে?
    (A) অনুষ্কা শঙ্কর (B) অমৃতা প্রীতম (C) নীরজা ভ্যানোট (D) সি.বি. মুথাম্মা
18. 'ভাগোরিয়া' ভারতের কোন রাজ্যের জনপ্রিয় উৎসব?
    (A) উত্তর প্রদেশ (B) গোয়া (C) উত্তরাখণ্ড (D) মধ্য প্রদেশ
19. কার সময়ে প্রথম মিউনিসিপ্যালিটি বিল পার্লামেন্টে উত্থাপিত হয়?
    (A) পি.ভি. নরসিমহা রাও (B) অটল বিহারী বাজপেয়ী (C) দেবগৌড়া (D) মনমোহন সিং
20. থর মরুভূমি অঞ্চলে প্রবাহিত স্থানীয় বায়ু কোনটি?
    (A) লু (B) আঁধি (C) সাইমুন (D) চিনুক
21. কোন সুলতান মুনহিয়ান নামক গুপ্তচর নিয়োগ করেছিলেন?
    (A) ইলতুৎমিস (B) বলবন (C) আলা-উদ-দীন খলজি (D) সিকন্দর লোদি
22. তৃতীয়বার কোন রাজ্যের মুখ্যমন্ত্রী হলেন পেমা খান্ডু?
    (A) রাজস্থান (B) হিমাচল প্রদেশ (C) অরুণাচল প্রদেশ (D) সিকিম
23. গ্রাম সভার বার্ষিক সভা অধিবেশন হয় কোন মাসে?
    (A) অক্টোবর (B) নভেম্বর (C) আগস্ট (D) ডিসেম্বর
24. এবছর 'প্যারিস অলিম্পিক'এর উদ্বোধনী অনুষ্ঠানে ভারতের কে মশাল বহন করবেন?
    (A) জয় শাহ (B) অভিনব বিন্দ্রা (C) প্রদীপ নারওয়াল (D) জসপ্রীত বুমরা
25. রাজ্য প্ল্যানিং বোর্ডের সভাপতি নির্বাচিত করেন কে?
    (A) রাজ্যপাল (B) হাই কোর্টের প্রধান বিচারপতি (C) মুখ্যমন্ত্রী (D) অধ্যক্ষ
26. কোশের সুগার ফ্যাক্টরি কোনটি?
    (A) পেকটিন (B) অটোলাইটিক (C) ক্লোরোপ্লাস্ট (D) নিউক্লিয়াস
27. 'কলঙ্ক' নাটকটির রচয়িতা কে?
    (A) বিজন ভট্টাচার্য (B) উৎপল দত্ত (C) দীনবন্ধু মিত্র (D) রবীন্দ্রনাথ ঠাকুর
28. সর্বভারতীয় শান্তি পরিষদের প্রতিষ্ঠাতা কে?
    (A) সত্য ভক্ত (B) হসরত মোহানী (C) সইফুদ্দিন কিচলু (D) মুন্সী প্রেমচাঁদ
29. ডানকান প্যাসেজটির অবস্থান কোন দু'টি দ্বীপের মধ্যে?
    (A) সাউথ ও লিটল আন্দামান (B) কার ও লিটল নিকোবর (C) নর্থ ও মিডল আন্দামান (D) কোনোটিই নয়
30. 2023 সালে 'গ্লোবাল হাঙ্গার ইনডেক্স'এ ভারতের স্থান কত?
    (A) 107 (B) 116 (C) 111 (D) 129
31. সম্প্রতি প্রয়াত রাজীব তারানাথ (91 বছর) কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
    (A) সন্তুর (B) সরোদ (C) তবলা (D) সেতার
32. 'ওয়ার্ল্ড পোস্ট দিবস' কবে পালিত হয়?
    (A) 9 সেপ্টেম্বর (B) 9 জুলাই (C) 9 অক্টোবর (D) 9 আগস্ট
33. 'দোস্তি 16' নামক ত্রি-পাক্ষিক মহড়া কোন কোন দেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে?
    (A) ভারত, নেপাল ও মলদ্বীপ (B) শ্রীলঙ্কা ও ভারত (C) ভারত, ভুটান ও নেপাল (D) ভারত, মলদ্বীপ ও শ্রীলঙ্কা
34. জাতীয় কংগ্রেসের কততম অধিবেশনে ব্রিটিশ সরকার কংগ্রেসকে অবৈধ সংস্থা হিসাবে ঘোষণা করে?
    (A) 52তম (B) 46তম (C) 54তম (D) 45তম
35. 'ভেম্বানাদ' হ্রদটি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
    (A) অরুণাচল প্রদেশ (B) কেরল (C) তামিলনাড়ু (D) আন্ধ্রা প্রদেশ
36. নীচের কোন সংখ্যা 18 দিয়ে বিভাজ্য নয়?
    (A) 34056 (B) 50436 (C) 54036 (D) 65043
37. যদি দু'টি সংখ্যার যোগফল হয় 36 আর তাদের গ.সা.গু. ও ল.সা.গু যথাক্রমে 3 ও 105 হয়, তাহলে সংখ্যা দু'টির অনোন্যকের যোগফল কত?
    (A) $\frac{2}{35}$ (B) $\frac{3}{35}$ (C) $\frac{4}{35}$ (D) কোনোটিই নয়
38. কিছু ছাত্র মিলে একটি পিকনিকের আয়োজন করল। খাবারের জন্য 500 টাকা বরাদ্দ হল। কিন্তু 5 জন ছাত্র পিকনিকে যেতে পারল না আর যার জন্য প্রত্যেক ছাত্রের খাওয়ার খরচ 5 টাকা করে বাড়িয়ে দেওয়া হল। কতজন ছাত্র পিকনিকে গিয়েছিল?
    (A) 15 (B) 20 (C) 25 (D) 30
39. পাঁচটি সংখ্যার গড় 10 হলে, যে সংখ্যাটি যোগ করলে এদের গড় 12 হবে, সেই সংখ্যাটি হল —
    (A) 12 (B) 18 (C) 22 (D) 24
40. 18 বছর আগে, একজন লোকের বয়স, তার ছেলের বয়সের 3 গুণ ছিল। এখন লোকটির বয়স তার ছেলের বয়সের দ্বিগুণ। এখন লোকটির আর তার ছেলের বয়সের সমষ্টি কত?
    (A) 54 (B) 72 (C) 105 (D) 108
41. যদি পৃথিবীর আহ্নিক গতি 12% বেড়ে যায়, তবে একদিন আর ঘণ্টার মধ্যে সম্পর্ক কী হবে?
    (A) 12 ঘণ্টা = 1 দিন (B) 20 পূর্ণ $\frac{5}{7}$ ঘণ্টা = 1 দিন (C) 21 পূর্ণ $\frac{3}{7}$ ঘণ্টা = 1 দিন (D) কোনোটিই নয়
42. পিটার একটি জিনিস, তার প্রকৃত মূল্যের ওপর 20% ছাড়ে কিনল। সে যেই দামে কিনল তার থেকে 40% বেশি দামে জিনিসটি বিক্রি করল। নতুন বিক্রয় মূল্য প্রকৃত মূল্য থেকে শতকরা কত বেশি?
    (A) 7.5 (B) 8 (C) 10 (D) 12
43. রোহিত শর্মার খরচ আর সঞ্চয়ের অনুপাত 3 : 2, তার আয় 10% বাড়ে। তার খরচও 12% বাড়ে। তাহলে তার সঞ্চয় কত শতাংশ বাড়ে?
    (A) 6% (B) 7% (C) 11% (D) 13%
44. যদি 4 (A এর মূলধন) = 6 (B এর মূলধন) = 10 (C এর মূলধন) হয় তাহলে 4,650 টাকা লাভের মধ্যে C কত পাবে?
    (A) 465 (B) 900 (C) 1550 (D) 2250
45. A একটি কাজের $\frac{7}{10}$ অংশ 15 দিনে করে। সে বাকি কাজটি B এর সাহায্য নিয়ে 4 দিনে শেষ করে। পুরো কাজটি A ও B একসঙ্গে করলে কত দিন সময় লাগবে?
    (A) $8\frac{1}{4}$ (B) $10\frac{1}{2}$ (C) $12\frac{2}{3}$ (D) $13\frac{1}{3}$
46. একটি ট্রেন একটি নির্দিষ্ট গতিতে 600 কিলোমিটার দূরত্ব অতিক্রম করে। যদি ট্রেনের গতি ঘণ্টায় 5 কিলোমিটার বাড়ানো হয়, তাহলে যাত্রা সম্পূর্ণ করতে 4 ঘণ্টা কম সময় লাগত। ট্রেনটির গতিবেগ নির্ণয় করুন।
    (A) 25 (B) 50 (C) 100 (D) কোনোটিই নয়
47. 270 মিটার দীর্ঘ একটি ট্রেন 120 কিলোমিটার/ঘণ্টা গতিতে বিপরীত দিক থেকে 80 কিলোমিটার/ঘণ্টা গতিতে অন্য একটি ট্রেনকে 9 সেকেন্ডে অতিক্রম করে। অন্য ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
    (A) 230 (B) 240 (C) 269 (D) 320
48. বার্ষিক 4% সরল সুদের হারে 4 বছর শেষে 848 টাকার ঋণ কতগুলি সমান বার্ষিক কিস্তিতে পরিশোধ হবে?
    (A) 200 (B) 212 (C) 225 (D) 250
49. বার্ষিক $6\frac{1}{4}$% চক্রবৃদ্ধি সুদের হারে 3 বছরে কোনো আসল সুদে-আসলে 4913 টাকা হয়। আসল কত টাকা?
    (A) 3096 (B) 4076 (C) 4085 (D) 4096
50. যদি একটি রম্বসের কর্ণ দু'টি 24 সেন্টিমিটার আর 10 সেন্টিমিটার হয়, তাহলে রম্বসটির ক্ষেত্রফল আর পরিসীমা হবে যথাক্রমে —
    (A) 120 বর্গসেন্টিমিটার, 52 সেন্টিমিটার (B) 240 বর্গসেন্টিমিটার, 52 সেন্টিমিটার (C) 120 বর্গসেন্টিমিটার, 64 সেন্টিমিটার (D) 24 বর্গসেন্টিমিটার, 64 সেন্টিমিটার
51. তিনটি সংখ্যার অনুপাত 3 : 5 : 10 আর তাদের ল.সা.গু. 360. তাহলে সংখ্যা তিনটির গ.সা.গু. কত হবে?
    (A) 21 (B) 42 (C) 63 (D) 36
52. যদি P = 99 হয়, তাহলে P ($P^2$ + 3P + 3) এর মান হবে —
    (A) 999 (B) 9999 (C) 99999 (D) 999999
53. A ও B এর বয়সের গড় 10 বছর, B ও C এর বয়সের গড় 15 বছর আর A ও C এর বয়সের গড় 20 বছর। A, B ও C এর বয়সের গড় কত?
    (A) 12.5 বছর (B) 17.5 বছর (C) 15 বছর (D) 20 বছর
54. চারটি পাত্রের মিশ্রণে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 5 : 3, 2 : 1, 3 : 2 আর 7 : 4. কোন পাত্রে জলের সাপেক্ষে দুধের পরিমাণ সবথেকে কম?
    (A) প্রথম (B) দ্বিতীয় (C) তৃতীয় (D) চতুর্থ
55. দু'জন প্রার্থীর মধ্যে একটি নির্বাচনে 20% ভোটার ভোট দেয়নি আর 600টি ভোট অবৈধ ঘোষিত হয়। বিজয়ী প্রার্থী 75% বৈধ ভোট পায়। যদি সে 1500 ভোটে বিজয়ী হয়, তবে মোট ভোটার কতজন?
    (A) 3600 (B) 3000 (C) 4500 (D) 5000
56. একজন ব্যক্তি কিছু পত্রিকা P টাকা প্রতি ডজন হিসাবে ক্রয় করেন আর $\frac{P}{8}$ টাকা প্রতি ডজন হিসাবে বিক্রয় করেন। তাঁর লাভের শতকরা হার কত?
    (A) 30 (B) 40 (C) 50 (D) 60
57. A ও B দুই শ্রমিক একটি কাজে নিযুক্ত। উভয়ে একসঙ্গে কাজ করলে যত সময় নেয়, A একা কাজ করলে তার থেকে 8 ঘণ্টা বেশি সময় নেয় আর B একা কাজ করলে $4\frac{1}{2}$ ঘণ্টা বেশি সময় নেয়। তারা একসঙ্গে করলে কত সময় লাগবে?
    (A) 4 ঘণ্টা (B) 5 ঘণ্টা (C) 6 ঘণ্টা (D) 7 ঘণ্টা
58. 'D' ব্যাসবিশিষ্ট একটি পাইপ একটি জলের ট্যাঙ্ককে 40 মিনিটে খালি করতে পারে। '2D' ব্যাস বিশিষ্ট অন্য একটি পাইপ একই কাজ শেষ করতে কত সময় নেবে?
    (A) 5 মিটার (B) 10 মিটার (C) 20 মিটার (D) 80 মিটার
59. এক ব্যক্তি তার প্রকৃত গতিবেগের $\frac{10}{9}$ বেগে 39 কিলোমিটার পথ 2 ঘণ্টা 20 মিনিট 24 সেকেন্ডে অতিক্রম করে। তাহলে তার প্রকৃত গতিবেগ হবে ঘণ্টায় কত কিলোমিটার?
    (A) 15 (B) 50 (C) 39 (D) 150
60. 20 লিটার দুধ ও জলের একটি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 3 : 2. পরপর দু'বার 10 লিটার মিশ্রণ ওই মিশ্রণ থেকে তুলে নিয়ে সমপরিমাণ দুধ মেশানো হল। এখন ওই মিশ্রণে দুধ ও জলের অনুপাত কী হবে?
    (A) 9 : 1 (B) 9 : 2 (C) 9 : 3 (D) 9 : 4
61. নীচের বেমানানটি নির্ণয় করুন।
    (A) চেক রিপাবলিক (B) পেরু (C) চিলি (D) গুয়ানা
62. 11, 31, ? 130. ? স্থানে কী হবে?
    (A) 48 (B) 50 (C) 59 (D) 69

# এবার আসছি আমরা নদীয়ার কল্যাণীতে

এবছর মাধ্যমিক / H.S. দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

## এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

উপস্থাপনায় :

কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

আকর্ষণীয় গিফট*

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor :

ncsm NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

Co-sponsor :

KALYANI Reliable MEDICAL | IIT-JEE | FOUNDATION | CUET Educational Institute

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com